



স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.৫৫১.১৯.১৭৩

তারিখ: ২১ চৈত্র ১৪২৭

০৪ এপ্রিল ২০২১

বিষয়: প্রাণি খাদ্য নমুনা পরীক্ষা সংক্রান্ত যাচাই প্রতিবেদন।

সূত্র: এ' মন্ত্রণালয়ের উপসচিব, বাজেট অধিশাখার স্মারক নং-৩৩.০০.০০০০.১০৭.২৫.০০৩.১৩-৪৯ তাং-
০৩/০৩/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তরধীন প্রাণিপুষ্টি গবেষণাগার, ফার্মগেট, ঢাকা এবং প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার, সাভার, ঢাকা এ মন্ত্রণালয়ের জনাব মোঃ মাহবুবুল হক, উপসচিব, বাজেট অধিশাখা কর্তৃক সরেজমিনে যাচাই করে দাখিলকৃত প্রতিবেদনের নিম্নোক্ত মন্তব্য/সুপারিশ নির্দেশক্রমে অনুমোদন করা হলোঃ

প্রাণিসম্পদ অধিদপ্তরের আওতাধীন প্রাণিপুষ্টি গবেষণাগার, ফার্মগেট, ঢাকা-এর মন্তব্য/সুপারিশঃ

- (১) পরীক্ষার জন্য খাদ্য নমুনা গ্রহণকালে রিপোর্ট প্রদান/ সরবরাহের সম্ভাব্য সময় লিখিতভাবে জানাতে হবে;
- (২) রিপোর্ট ডেলিভারী রেজিস্টার খুলে রিপোর্ট প্রদান/সরবরাহের প্রমাণ সংরক্ষণ করতে হবে;
- (৩) সকল রিপোর্টের অফিস কপি সংরক্ষণ করতে হবে;
- (৪) কোন রিপোর্ট প্রদানের জন্য অতিরিক্ত সময়ের প্রয়োজন হলে তার কারণ ডেলিভারী রেজিস্টারে লিপিবদ্ধ করে সংরক্ষণ এবং বিষয়টি সংশ্লিষ্ট গ্রাহককে অবহিত করতে হবে;
- (৫) নমুনা পরীক্ষার ধরন অনুযায়ী যৌক্তিক সময়ের মধ্যে রিপোর্ট প্রদান নিশ্চিত করতে হবে।

প্রাণিসম্পদ উৎপাদন উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগার, সাভার, ঢাকা-এর মন্তব্য/সুপারিশঃ

- (১) পরীক্ষার জন্য খাদ্য নমুনা গ্রহণকালে রিপোর্ট প্রদান/ সরবরাহের সম্ভাব্য সময় লিখিতভাবে জানাতে হবে;
- (২) নমুনা গ্রহণ রেজিস্টারে গ্রাহক পরিচিতি ও নমুনা পরীক্ষা সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্যাদি লিপিবদ্ধ করতে হবে;
- (৩) নমুনা পরীক্ষার ফি এর যথাযথ হিসাব সংরক্ষণের জন্য পৃথক রেজিস্টার ব্যবহার করতে হবে;
- (৪) রিপোর্ট ডেলিভারী রেজিস্টারে প্রয়োজনীয় সকল তথ্যাদি লিপিবদ্ধ করতে হবে;
- (৫) কোন রিপোর্ট প্রদানের জন্য অতিরিক্ত সময়ের প্রয়োজন হলে তার যথাযথ প্রমাণক সংরক্ষণ এবং বিষয়টি সংশ্লিষ্ট গ্রাহককে অবহিত করতে হবে;
- (৬) নমুনা পরীক্ষার ধরন অনুযায়ী যৌক্তিক সময়ের মধ্যে রিপোর্ট প্রদান নিশ্চিত করতে হবে।

২.০। এমতাবস্থায়, উপরোল্লিখিত অনুমোদিত মন্তব্য/সুপারিশ অনুযায়ী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-৪-২০২১

মোঃ আরমান হায়দার

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ইমেইল: livestock-2@mofl.gov.bd

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর


প্রাণিসম্পদ অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.১৫.৫৫১.১৯.১৭৩/১(২)

তারিখ: ২১ জুলাই ২০২১
০৪ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৪-৪-২০২১

মোঃ আরমান হায়দার
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)